

আর বি আই, গবেষণা ক্ষেত্রে হাতে কলমে প্রশিক্ষণ সম্বন্ধীয় প্রকল্প (Research Internship Scheme) প্রবর্তন করল

কেন্দ্রীয় ব্যাংকে তরুণ ব্যক্তিদের মৌলিক গবেষণা ক্ষেত্রে প্রতিনিধিত্ব করার সুযোগ দিতে ভারতীয় রিজার্ভ ব্যাংক হাতে কলমে শিক্ষা সম্বন্ধীয় প্রকল্প (Research Internship Scheme) প্রবর্তন করল। এই প্রকল্পটি প্রবর্তিত হয়েছে তাদের জন্য যারা সদ্য স্নাতক ডিগ্রী প্রাপ্ত হয়েছেন এবং অর্থনীতি, ব্যাংকিং, আর্থিক বা সম্বন্ধীয় ক্ষেত্রে পি এইচ ডি লাভ করতে ইচ্ছুক অথবা সরকারি গবেষণা কেন্দ্রগুলিতে বা আর্থিক প্রতিষ্ঠান গুলিতে সেইসব পদে কাজ করতে ইচ্ছুক যেখানে পরিমাণগত এবং বিশ্লেষণমূলক দক্ষতা প্রয়োজন।

প্রকল্পটির গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য নিম্নরূপ :

প্রত্যাশিত কাজের বিবরণ

শিক্ষার্থীরা কোন প্রজেক্টে দায়িত্বপ্রাপ্ত রিজার্ভ ব্যাংক গবেষকদের নীতিগত তথ্য প্রদানে এবং নামী অর্থনৈতিক এবং আর্থিক পত্রিকাগুলিতে প্রকাশ করার লক্ষ্যে প্রস্তুত গবেষণাপত্র নির্মাণে সহায়তা করবে। শিক্ষার্থীরা গবেষণা প্রজেক্ট উপস্থাপনার জন্য প্রয়োজনীয় যথাযথ ও সময়পোযোগী তথ্য নির্মাণে এবং বিশ্লেষণাত্মক, পরিসংখ্যানমূলক ও অর্থমিতি সংক্রান্ত সূত্র নির্মাণে সহায়তা করবে। শিক্ষার্থীরা উপযুক্ত মানের গবেষণা এবং নীতি প্রবন্ধ রচনা করার কাজেও নিযুক্ত হতে চাইতে পারেন।

.যোগ্যতা

আবেদনকারীদের যোগ দেওয়ার আগে 3 বছরের প্রাক স্নাতক স্তরে পড়াশোনার ডিগ্রী তৎসহ অতিরিক্ত এক বছর স্নাতকোত্তর পড়াশোনা অথবা 4 বছরের সমন্বিত পাঠক্রম যেমন বি.টেক . অথবা বি. ই. সম্পূর্ণ করতে হবোরিজার্ভ ব্যাংক অর্থনীতি, অর্থব্যবস্থা অথবা পরিসংখ্যান বিজ্ঞানে বা যারা কম্পিউটার বিজ্ঞানে কুশল এমন অথবা তথ্য বিশ্লেষণে দক্ষতা আছে এমন অনুপ্রাণিত প্রার্থীদের সন্ধান করে।

আবেদনের পদ্ধতি

রিজার্ভ ব্যাংক বছরে দুবার হাতে কলমে প্রশিক্ষণ প্রার্থীদের এমনভাবে নির্বাচিত করবে যাতে প্রশিক্ষণ প্রকল্প চালু করা যায় জানুয়ারী 01 বা জুলাই 01 তারিখ থেকে। সম্বন্ধীয় অর্ধবর্ষের প্রথম পাঁচ মাস আবেদনের সুযোগ খোলা থাকবে অর্থাৎ, জানুয়ারী 01 তারিখের পর থেকে থেকে শুরু হতে চলা প্রশিক্ষণ—এর জন্য আবেদন জমা নেওয়া হবে আগের বছরের জুলাই থেকে নভেম্বর মাসে এবং যাচাই করা হবে ডিসেম্বর মাসে। একইভাবে, জুলাই 01 তারিখের পর থেকে থেকে শুরু হতে চলা প্রশিক্ষণ—এর জন্য আবেদন জমা নেওয়া হবে আগের বছরের জানুয়ারী থেকে মে মাসে এবং যাচাই করা হবে জুন মাসে। রিজার্ভ ব্যাংক প্রার্থীদের বাছাই করবে তাদের শিক্ষা/কর্ম জীবনের বিষয় (CV) এবং তাদের প্রশিক্ষণের উদ্দেশ্য সংক্রান্ত বিবৃতির ভিত্তিতে এবং ব্যক্তিগত মৌখিক পরীক্ষার জন্য ডেকে পাঠাবে। ইচ্ছুক প্রার্থীদের তাদের শিক্ষা/কর্ম জীবনের বিষয় (CV) এবং তাদের প্রশিক্ষণের উদ্দেশ্য সংক্রান্ত বিবৃতি সেই ই-মেল আইডির ঠিকানাতে ই-মেলের মাধ্যমে পাঠানোর জন্য উৎসাহিত করা হচ্ছে যে ক্ষেত্র/ বিভাগ-এ তারা গবেষণা করতে আগ্রহী অর্থাৎ, ডিপার্টমেন্ট অফ পলিসি অ্যান্ড রিসার্চ (DEPR)-এর জন্য ই-মেল পাঠাতে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন : ডিপার্টমেন্ট অফ স্ট্যাটিস্টিকস অ্যান্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট (DSIM)-এর জন্য ই-মেল পাঠাতে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন : এবং স্ট্রাটেজিক রিসার্চ ইউনিট (SRU)-এর জন্য ই-মেল পাঠাতে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

নির্বাচনের পদ্ধতি

রিজার্ভ ব্যাংক প্রতি বছর সর্বাধিক 10 জন হাতে কলমে প্রশিক্ষণ প্রার্থীকে নির্বাচন করবে। প্রার্থীদের নিয়োজিত করা হবে বিভিন্ন বিভাগে যেমন ডিপার্টমেন্ট অফ পলিসি অ্যান্ড রিসার্চ (DEPR)/ ডিপার্টমেন্ট অফ স্ট্যাটিস্টিকস অ্যান্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট (DSIM)/ স্ট্রাটেজিক রিসার্চ ইউনিট (SRU)

মেয়াদকাল

হাতে কলমে প্রশিক্ষণ এর মেয়াদ হবে 6 (ছয়) মাস সময়কাল পর্যন্ত যা আর ও 6 মাস পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে কাজটির প্রয়োজন এবং শিক্ষার্থীর কাজের দক্ষতা বিচার করে যারা কাজে অসামান্য দক্ষতা দেখাতে পারবেন তাদের মেয়াদকাল আরও বর্ধিত করা হতে পারে (প্রকল্পের মেয়াদকাল সর্বাধিক দুবছরের হতে পারে ছয় মাস অন্তর পুনর্নবীকরণের শর্তে)।

এই প্রশিক্ষণ প্রকল্পটি মুম্বাই, ভারত ভিত্তিক। রিজার্ভ ব্যাংক কোন কারণ না দেখিয়ে এক মাসের বিজ্ঞপ্তির ভিত্তিতে এই প্রকল্পটি সমাপ্ত করার অধিকার নিজের কাছে সংরক্ষিত রাখছে।

সুযোগসুবিধা

রিজার্ভ ব্যাংক শিক্ষার্থীদের কার্যালয়ের স্থান ব্যবহারের সুবিধা, ইন্টারনেট সংযোগ এবং অন্যান্য সহযোগী সুবিধা প্রদান করবে। রিজার্ভ ব্যাংক শিক্ষার্থীদের মাসিক Rs.35000/- টাকার বৃত্তি প্রদান করবে। শিক্ষার্থীদের থাকার জায়গার বন্দোবস্ত নিজেদের করে নিতে হবে।

নিয়োগের অনধিকার

হাতেকলমে প্রশিক্ষণ প্রকল্পে যুক্ত থাকার কারণে শিক্ষার্থীদের রিজার্ভ ব্যাংকে কোন নিয়োগ প্রাপ্তির অধিকার/দাবী থাকবে না।

প্রকল্পের আরও বিশদ পাওয়া যাবে রিজার্ভ ব্যাংকের নীচে প্রদত্ত ওয়েবসাইটে:
https://opportunities.rbi.org.in/scripts/bs_viewcontent.aspx?ld=3167

প্রেস প্রকাশনী: 2015-2016/2600

সঙ্গীতা দাস
নির্দেশক